

**অতীব জরুরী**  
**নির্বাচন অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০১৮.২০১৪- ১৭৩

তারিখ : ১০ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ।  
২২ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।

বিষয় : জেলা প্রশাসক, মাদারীপুর কর্তৃক প্রেরিত সংশোধিত ইউনিয়নের তালিকা অনুযায়ী নির্বাচন অনুষ্ঠান প্রসংগে।


সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-১৩১২, তারিখ : ০১ ডিসেম্বর, ২০১৩।

উপর্যুক্ত বিষয়ে জেলা প্রশাসক, মাদারীপুর এর সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা অনুযায়ী সূত্রস্থ স্মারকে সারা দেশের ইউনিয়ন পরিষদ নির্বাচনের তথ্যাদি চাহিত ছকে প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক, মাদারীপুর এর প্রেরিত তালিকা মোতাবেক মাদারীপুর জেলার ৫৯ (উনষাট) টি ইউপি নামের তালিকা প্রেরণ করা হয়। জেলা প্রশাসক, মাদারীপুর সূত্রোক্ত পত্রের মাধ্যমে (কপি সংযুক্ত) উক্ত তালিকায় কদমবাড়ী উপজেলার ১১ টি ইউনিয়নের পরিবর্তে ১০ টি ইউনিয়নের তালিকা প্রেরণ করা হয়েছে। করনিক ভুলের কারণে কদমবাড়ী ইউনিয়ন পরিষদের নাম তালিকাভুক্ত করা হয়নি। এ ছাড়া ইতোমধ্যে পূর্ব এনায়েতনগর নামে আরো একটি নতুন ইউনিয়ন গঠনপূর্বক তা গেজেটে প্রকাশ করা হয়েছে। বর্তমানে প্রশাসক নিয়োগের মাধ্যমে নবগঠিত ইউনিয়নের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

০২। জেলা প্রশাসক, মাদারীপুর পূর্বে প্রেরিত তালিকাটি সংশোধনপূর্বক উক্ত দু'টি (কদমবাড়ী এবং পূর্ব এনায়েতনগর) ইউনিয়নের নাম অন্তর্ভুক্ত করে প্রেরণ করেছেন এবং সংশোধিত তালিকা অনুযায়ী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন।

০৩। এমতাবস্থায়, জেলা প্রশাসক, মাদারীপুর কর্তৃক প্রেরিত সংশোধিত তালিকাটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ জেলা প্রশাসক, মাদারীপুর এর পত্রের  
ছায়ািলিপি-০৩ (তিন) পাতা।



( শরীফা আহমেদ )  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : [lgup1@lgd.gov.bd](mailto:lgup1@lgd.gov.bd)

সচিব  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেয়ে-বাংলানগর  
আগারগাঁও, ঢাকা।  
(দৃঃ আঃ জনাব জেসমিন টুলী, যুগ্ম-সচিব)।

অনুলিপিঃ

সহকারী প্রোগ্রামার,

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।